ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৬২৫

আগরতলা, ৬ নভেম্বর, ২০২৫

**ফটিকরায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে লাইপোমা অস্ত্রোপচার**
**সফলতা পর রোগী ফিরে পেলেন সুস্থতার নতুন জীবন**

ফটিকরায়ে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে জটিল অস্ত্রোপচারের পর রোগী বর্তমানে সুস্থ হয়ে উঠেছেন। সম্প্রতি তিনি অস্ত্রোপচারের পরবর্তী ফলোআপে করিয়েছেন। তাতে তার ক্রমশ সুস্থ হয়ে উঠার চিত্র চিকিৎসকদের আনন্দিত করেছে। উল্লেখ্য ঊনকোটি জেলার ফটিকরায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে গত ২৩ অক্টোবর, ২০২৫ এই জটিল অস্ত্রোপচার সফলভাবে সম্পন্ন হয়েছে। ফটিকরায়ের রাজনগর এলাকার এই মধ্যবয়সী মহিলা তার মাথার ডানদিকের সামনের অংশে একটি লাইপোমা নিয়ে ফটিকরায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে আসেন। তার পাশাপাশি শরীরে ছিল আরও কিছু গুরুতর স্বাস্থ্য সমস্যা। লাইপোমা সাধারণত অস্ত্রোপচারের মাধ্যমে অপসারণ করা হয়। কিন্তু এই রোগীর ক্ষেত্রে পরিস্থিতি ছিল একটু ভিন্ন এবং বেশ ঝুঁকিপূর্ণ। কারণ, তিনি আগে থেকেই ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ এবং ডিসলিপিডেমিয়া) রক্তে অস্বাভাবিক চর্বি (রোগে আক্রান্ত ছিলেন, যা অস্ত্রোপচারের ঝুঁকিকে আরও বাড়িয়ে তোলে। ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপের মতো রোগ থাকলে যে কোনো অস্ত্রোপচারে ঝুঁকি অনেক বেশি হয়, তাই এই রোগীর অস্ত্রোপচার একটি বড় চ্যালেঞ্জ ছিল। প্রথমে, চিকিৎসকরা সিদ্ধান্ত নেন অস্ত্রোপচার না করার এবং রোগীকে চিকিৎসার সব ধাপ বিস্তারিতভাবে বুঝিয়ে বলেন। তাঁরা রোগীকে লাইপোমা কী, কেন হয়েছে এবং কীভাবে চিকিৎসা হবে, তা সহজ ভাষায় ব্যাখ্যা করেন। এছাড়া, রোগীর অন্যান্য স্বাস্থ্য সমস্যার কারণে অস্ত্রোপচারের ঝুঁকি এবং বিকল্প চিকিৎসা নিয়েও আলোচনা করেন। রোগী সবকিছু বুঝে সন্তুষ্ট হয়ে লিখিত সম্মতি দেন, এরপর চিকিৎসকরা অস্ত্রোপচার শুরু করেন। গত ২৩ অক্টোবর, ২০২৫ তারিখে, ফটিকরায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের বিশেষজ্ঞ দল লাইপোমা অপসারণের জন্য প্রস্তুতি নেন। অস্ত্রোপচারের আগে, রোগীর রক্তে শর্করা এবং রক্তচাপ কঠোরভাবে নিয়ন্ত্রণে আনা হয়। এই অস্ত্রোপচারটি ছিল 'ডে-কেয়ার অস্ত্রোপচার অর্থাৎ, রোগীকে একই দিনে ভর্তি করা হয়, অস্ত্রোপচার সম্পন্ন করা হয় এবং কয়েক ঘন্টার মধ্যে তাঁকে হাসপাতাল থেকে ছুটি দেওয়া হয়। এই অস্ত্রোপচারটি ফটিকরায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক ডাঃ দেবাশিস পালের নেতৃত্বে অত্যন্ত দক্ষতার সঙ্গে সম্পন্ন করা হয়। অস্ত্রোপচারের পর, সাধারণত ডায়াবেটিক রোগীদের জন্য এই সময়টা অনেক কঠিন হয়। তবে ফটিকরায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের স্বাস্থ্যকর্মীরা রোগীর প্রতি নিবিড় যত্ন নিয়েছেন। স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****